# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ **১১৯৬**

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ঋতুবতী মহিলার জন্য মুস্তাহাব হলো গোসলের পানিতে বরই পাতা ব্যবহার করা এবং গোসলের পর এক টুকরো সুগন্ধিযুক্ত কাপড় ব্যবহার করা

## ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْأَةِ الْحَائِضِ اسْتِعْمَالُ السِّدرِ فِي اغْتِسَالِهَا وَتَعْقِيبُ الْفِرْصَةِ بَعْدَهُ

আরবী

1196 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا سُفْيَانُ حَدَّثَنِي مَنْصُورُ بْنُ صَفِيَّةَ عَنْ أُمِّهِ عَنْ عَائِشَةَ

أَنَّ امْرَأَةً أَتَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَتْهُ عَنْ غُسْلِ الْحَيْضِ فَأَمَرَهَا أَنْ تَغْتَسِلَ بِمَاءٍ وَسِدْرٍ وَتَأْخُذُ فِرْصَةً فَتَوَضَّأُ بِهَا وَتَطَّهَّرَ بِهَا قَالَتْ: كَيْفَ أَتَطَهَّرُ بِهَا؟ قَالَ: (تَطَهَّرِي بِهَا) قَالَتْ: كَيْفَ أَتَطَهَّرِ بِهَا؟ فَاسْتَتَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ وَقَالَ: (سُبْحَانَ اللَّهِ اطَّهَّرِي بِهَا) قَالَتْ عَائِشَةُ: فاجْتَذَبْتُ الْمَرْأَةَ وَقُلْتُ: تَتَبَّعِينَ بها أَثَرَ الدَّمِ.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1196 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

**১১৯৬.** আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “এক নারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন এবং তাঁকে ঋতুস্রাব থেকে পবিত্র হওয়ার পর গোসল করা সম্পর্কে জিজ্ঞেস করেন। অতঃপর তিনি তাকে আদেশ করলেন পানি ও বরই পাতা সহ গোসল করতে অতঃপর এক টুকরো সুগন্ধিযুক্ত কাপড় নিবে এবং তা দিয়ে পরিস্কার করে পবিত্র হয়ে যাবে।” তখন সে নারী বললো, “আমি কিভাবে পবিত্রতা অর্জন করবো?” জবাবে তিনি বলেন, “তুমি তা দিয়ে পবিত্রতা অর্জন করবে।” তিনি আবারো বললেন, “আমি কিভাবে পবিত্রতা অর্জন করবো?” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাত দিয়ে নিজেকে আড়াল করে নেন এবং বলেন, “সুবহানাল্লাহ! তুমি তা দিয়ে পবিত্রতা অর্জন করবে।” আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “অতঃপর আমি সেই নারীকে আমার কাছে টেনে নিলাম এবং বললাম, “তুমি তা দিয়ে রক্তের চিহ্নের জায়গা বুলিয়ে নিবে।”[1]

## ফুটনোট

[1] হুমাইদী: ১৬৭; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৪১-৪২; সহীহ বুখারী: ৩১৪; সহীহ মুসলিম: ৩৩২; নাসাঈ: ১/১৩১; সুনান বাইহাকী: ১/১৮৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৫২; মুসনাদ আহমাদ: ৬/১২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৩১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90510

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন